

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

প্রতিবেদক
জয়ন্ত আচার্য
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু
সহযোগী প্রতিবেদক
বদরুল আলম নাবিল
আসাদুর রহমান, রুছল তাপস

কাটুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

আলোকচিত্রী
আনোয়ার মজুমদার

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন

চট্টগ্রাম প্রতিনিধি
সুমি খান

যশোর প্রতিনিধি
মামুন রহমান

সিলেট প্রতিনিধি
নিজামুল হক বিপুল

কানাডা প্রতিনিধি
জসিম মল্লিক

হলিউড প্রতিনিধি
মুনাওয়ার হুসাইন পিয়াল

নিউইয়র্ক প্রতিনিধি
আকবর হায়দার কিরণ

ওয়াশিংটন প্রতিনিধি
নাসিম আহমেদ

যুক্তরাজ্য প্রতিনিধি
শাহরিয়ার ইকবাল রাজ

কম্পিউটার গ্রাফিক্স প্রধান
নুরুল কবীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : s2000@dbn-bd.net
info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

কোটি লোকের বসতি এ রাজধানী শহর ঢাকা। প্রাক-মোগল আমলে গড়ে ওঠা এ শহর এখন পৃথিবীর অন্যতম মেগাসিটি। দেশের সকল অর্থনৈতিক কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু রাজধানী শহর ঢাকা হওয়ায়, প্রতিদিন এ শহরে লোক বাড়ছে। ক্রমেই আবাসন সমস্যা তীব্র হচ্ছে। এ সমস্যা সমাধানে রিয়েল এস্টেট কোম্পানিগুলো রাখছে অগ্রণী ভূমিকা।

রাজধানীর ক্রমবর্ধমান আবাসন সমস্যা সমাধানের জন্য আশির দশকে প্রথম রিয়েল এস্টেট কোম্পানির যাত্রা শুরু হয়। তখন অ্যাপার্টমেন্ট ছিল উচ্চবিত্তের জন্য। ক্রমেই অ্যাপার্টমেন্ট ব্যবসায় আসে প্রতিযোগিতা। অ্যাপার্টমেন্ট ব্যবসায়ীরা অ্যাপার্টমেন্টকে মধ্যবিত্তের লাগালের মধ্যে নিয়ে আসার চেষ্টা করেন। তারা চান কম মূল্যে অধিক সুবিধাসম্পন্ন অ্যাপার্টমেন্ট ক্রেতার হাতে তুলে দিতে। ফলে বাড়তে থাকে অ্যাপার্টমেন্টের চাহিদা। অ্যাপার্টমেন্ট কেনায় ঋণ দিতে এগিয়ে আসে অনেক প্রতিষ্ঠান। এ কারণে অ্যাপার্টমেন্ট আজ মধ্যবিত্তের স্বপ্ন নয়, বাস্তবতায় পরিণত হয়েছে। মধ্যবিত্ত আয়ের মানুষ তার বাসা ভাড়ার ব্যয় দিয়েও কখনো অ্যাপার্টমেন্টের কিস্তি পরিশোধ করতে পারে। ফলে ক্রমেই অ্যাপার্টমেন্ট জনপ্রিয় হয়ে উঠছে। সাধ্যমত একটি অ্যাপার্টমেন্ট কিনে ভাড়া বাড়ি থাকার নানা সমস্যা থেকে নগরবাসীর অনেকেই মুক্তি পাচ্ছেন।

ঢাকার অ্যাপার্টমেন্ট প্রথমে ধানমন্ডি, লালমাটিয়া, শান্তিনগর, পরীবাগ, কলাবাগান, মৌচাক, মোহাম্মদপুরে সীমাবদ্ধ ছিল। নব্বই'র দশকে অ্যাপার্টমেন্ট গুলশান, বনানী, বারিধারায় সম্প্রসারিত হয়। ঢাকা শহরকে পরিকল্পিতভাবে গড়ে তুলতে হলে গাজীপুর, জয়দেবপুর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ এলাকার সঙ্গে ট্রেনের মাধ্যমে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা উচিত। তাহলে অ্যাপার্টমেন্ট ব্যবসা এসব এলাকায়ও ছড়িয়ে পড়বে। ফলে ঢাকার ওপর চাপ কমবে। কর্মজীবী মানুষেরা ঢাকায় চাকরি করেও এসব এলাকায় আরো নিরিবিলা বসবাস করতে পারবে। জীবনযাত্রার ব্যয় কমে আসবে। রিয়েল এস্টেট কোম্পানি আরো কম দামে অ্যাপার্টমেন্ট দিতে পারবে।

ঢাকা শহরের আবাসন সমস্যা সমাধানের জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে সম্মিলিত উদ্যোগের প্রয়োজন। সর্বোপরি প্রয়োজন পরিকল্পিতভাবে অগ্রসর হওয়া।

প্রচ্ছদের ছবি : তুহিন হোসেন মডেল : শামা, রিয়াদ

